

# বিজ্ঞপ্তি

জন্ম নিবন্ধন সনদ সংশোধন এর অনলাইনে আবেদনে করণীয়:

[www.everify.bdris.gov.bd](http://www.everify.bdris.gov.bd) ওয়েবসাইট থেকে জন্ম নিবন্ধন সনদ এর অনলাইনে বিদ্যমান তথ্য ভালোভাবে দেখে নিন এরপর:

(১) [www.bdris.gov.bd](http://www.bdris.gov.bd) ওয়েবসাইটে গিয়ে >>জন্ম নিবন্ধন>> জন্ম তথ্য সংশোধন এর জন্য আবেদন করা যেতে পারে।

(২) যে বিষয় (যেমন- নিজ নাম, মাতা ও পিতার নাম) এর তথ্য সংশোধন করতে চান তা নির্বাচন করে সঠিক তথ্য লিখুন। উল্লেখ্য, বাংলা ও ইংরেজি উভয় ভাষাতে সংশোধন করতে চাইলে সংশ্লিষ্ট বিষয় নির্বাচন করে সঠিক তথ্য লিখুন

**\*\* সংযুক্তির ক্ষেত্রে [প্রতিটি ফাইলের (pdf/jpg) জন্য সর্বোচ্চ ১০০ কিলোবাইট upload করা যাবে- অনলাইনে আবেদনের সময়]**

(ক) পূরণকৃত আবেদন ফরম।

(খ) নিজ স্থায়ী ঠিকানার প্রমাণপত্র যেমন - ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশন এর মেয়র অথবা ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক নাগরিকত্ব সনদ/জাতীয়তা সনদ/প্রত্যয়নপত্র [বাংলা ভাষায়- বাংলা তথ্যের সংশোধনীর ক্ষেত্রে ও ইংরেজি ভাষায়- ইংরেজি তথ্যের সংশোধনীর ক্ষেত্রে রঙিন কপি সংযুক্ত করতে হবে] প্রমাণপত্র বাংলাদেশে নোটারি পাবলিক করার পর বাংলাদেশের আইন মন্ত্রণালয় ও পররাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক সত্যায়নের পর দুতাবাসের সত্যায়নপূর্বক দাখিল করতে হবে

(গ) পাসপোর্ট কপি, মাতা- পিতার জন্ম নিবন্ধন সনদ, জাতীয় পরিচয়পত্র ও শিক্ষাগত সনদ এর সত্যায়িত কপি (যদি থাকে, তবে শর্ত থাকে যে চাহিত সংশোধন তথ্যের সাথে হুবহু মিল থাকতে হবে)

(ঘ) কাতারে জন্ম নেওয়া ব্যক্তির ক্ষেত্রে কাতার Ministry of Public Health কর্তৃক প্রদত্ত জন্ম সনদ (প্রযোজ্য ক্ষেত্রে)।

(৩) সন্তান ক্রম এর তথ্য যোগ করতে চাইলে - ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশন এর মেয়র অথবা ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক পারিবারিক সনদ অনলাইন আবেদনের সাথে সংযুক্ত (আপলোড) করতে হবে।

**\*\* (৪) বর্তমান ঠিকানা হিসেবে অবশ্যই কাতার এর কোন ঠিকানা উল্লেখ করতে হবে এবং OTP এর জন্য একটি বাংলাদেশী সচল মোবাইল নম্বর প্রদান করতে হবে এবং আবেদন সাবমিট করার সময় উক্ত বাংলাদেশী মোবাইল নম্বরে ও ইমেইল- এ যে OTP যাবে তা প্রিন্টকৃত আবেদন ফরমে সঠিকভাবে লিখে রাখতে হবে এবং তা অনলাইনে সংযুক্ত কাগজপত্রের প্রিন্টেড কপির সাথে দুতাবাসে দাখিল করতে হবে।**

**প্রয়োজনীয় দলিলাদির শর্তসমূহঃ**

১) নিজ স্থায়ী ঠিকানার প্রমাণপত্র বাংলাদেশে নোটারি পাবলিক করার পর বাংলাদেশের আইন মন্ত্রণালয় ও পররাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক সত্যায়নের পর দুতাবাসের সত্যায়নপূর্বক দাখিল করতে হবে।

২) মাতা-পিতার জন্ম নিবন্ধন সনদ ও জাতীয় পরিচয় পত্র এর কপি প্রমাণক হিসেবে প্রদান করতে চাইলে বাংলাদেশের আইন মন্ত্রণালয় ও পররাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক সত্যায়নের পর দুতাবাসের সত্যায়নপূর্বক দাখিল করতে হবে।

৩) শিক্ষাগত সনদ প্রদানের ক্ষেত্রে উক্ত শিক্ষাগত সনদ বাংলাদেশের শিক্ষা বোর্ড, শিক্ষা মন্ত্রণালয় ও পররাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক সত্যায়নের পর দুতাবাসের সত্যায়নপূর্বক দাখিল করতে হবে।

৪) সন্তান ক্রম এর তথ্য যোগ করতে চাইলে স্থায়ী ঠিকানার স্থানীয় সরকার (যেমন - ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশন এর মেয়র অথবা ওয়ার্ড কাউন্সিলর) কর্তৃক পারিবারিক সনদ বাংলাদেশে নোটারি পাবলিক করার পর বাংলাদেশের আইন মন্ত্রণালয় ও পররাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক সত্যায়নের পর দুতাবাসের সত্যায়নপূর্বক দাখিল করতে হবে।

